



পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিঃ POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)



স্মারক নং-২৭.২১.০০০০.২০১.০৬.০০২.২১.৩৭৫৮

তারিখ : ১৩/০৯/২০২১খ্রিঃ

পিজিসিবি'র সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রিনিয়, সিভিল, মেকানিক্যাল ও কম্পিউটার) এবং উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল, ইলেকট্রিনিয়, সিভিল, মেকানিক্যাল, কম্পিউটার ও পাওয়ার) পদে ফেব্রুয়ারী ২০২১ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত বিজ্ঞপ্তি

পিজিসিবি'র স্মারক নং-২৭.২১.০০০০.২০১.১১.০০২.২১.৭৪০, তারিখঃ ০৩/০২/২০২১খ্রিঃ অনুযায়ী প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রিনিয়, সিভিল, মেকানিক্যাল ও কম্পিউটার) এবং উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল, ইলেকট্রিনিয়, সিভিল, মেকানিক্যাল, কম্পিউটার ও পাওয়ার) পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রমিক নং	পদের নাম	পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ও সময়
১)	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)	২৪/০৯/২০২১, শুক্রবার, সকাল ৯.০০ হতে ১০.০০ ঘটিকা পর্যন্ত
২)	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	২৪/০৯/২০২১, শুক্রবার, সকাল ১১.৩০ হতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত
৩)	সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রিনিয়)	৩০/০৯/২০২১, বৃহস্পতিবার, সকাল ৯.০০ হতে ১০.০০ ঘটিকা পর্যন্ত
৪)	সহকারী প্রকৌশলী (সিভিল, মেকানিক্যাল ও কম্পিউটার)	৩০/০৯/২০২১, বৃহস্পতিবার, সকাল ১১.৩০ হতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত
৫)	উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)	৩০/০৯/২০২১, বৃহস্পতিবার, সকাল ১১.৩০ হতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত
৬)	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিনিয়, কম্পিউটার ও পাওয়ার)	৩০/০৯/২০২১, বৃহস্পতিবার, বিকাল ৩.০০ হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত

প্রবেশপত্র সংগ্রহের জন্য টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক সংশ্লিষ্ট প্রার্থীদের স্ব স্ব মোবাইলে Message প্রেরণ করা হবে। উক্ত Message এর নির্দেশনা অনুযায়ী তাদেরকে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশাবলীঃ

- কোন পরীক্ষার্থী মাস্ক (সার্জিক্যাল/মাল্টি লেয়ার্ড/KN95/N95) পরিধান ব্যতীত পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। বুয়েট ক্যাম্পাসে প্রবেশের পূর্বে সকল পরীক্ষার্থীকে স্যানিটাইজার দিয়ে উত্তম রূপে হাত পরিষ্কার করে নিতে হবে এবং যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক ৩ফিট সামাজিক দূরত্ব বজায় রেখে বুয়েট ক্যাম্পাস/পরীক্ষা কেন্দ্রে অবস্থান করতে হবে।
- পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে প্রবেশপত্র (রঙিন প্রিন্ট) সঙ্গে আনতে হবে ও পরীক্ষা চলাকালীন উপস্থিত পরিদর্শককে তা দেখাতে হবে।
- প্রবেশপত্রে সংযুক্ত ছবির সঙ্গে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত পরীক্ষার্থীর অবয়বের মিল থাকতে হবে।
- পরীক্ষার জন্য সকল পরীক্ষার্থীকে ০২টি কালো বলপয়েন্ট কলম সঙ্গে আনতে হবে। পেনসিল ব্যবহার করা যাবে না।
- পরীক্ষার হলে মোবাইল ফোন/প্রোগ্রামেবল ক্যালকুলেটর/ডিজিটাল ওয়াচ বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করা গ্রহণযোগ্য হবে না।
- পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর আধা ঘন্টা আগে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- পরীক্ষার হলে কোন অনৈতিক বা অসদাচরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিয়ম ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে।
- প্রাপ্ত প্রবেশপত্রটি জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নির্দিষ্ট পদের বিপরীতে লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।
- পরীক্ষার অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

** পরীক্ষার্থীদের সিটপ্ল্যান সংক্রান্ত তথ্য পিজিসিবি'র ওয়েবসাইটে (www.pgcb.gov.bd) প্রকাশ করা হবে। পরীক্ষা গ্রহণের নির্ধারিত তারিখের পূর্বে প্রার্থীদের পিজিসিবি'র ওয়েবসাইটে ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।



(রূপক মোহাম্মদ নাসরুল্লাহ জায়েদী)

মহাব্যবস্থাপক (পিএন্ডএ) অতিঃ দাঃ, পিজিসিবি

